মহামহিম জেলা নদীয়ার
শ্রীযুত কালেক্টর
সাহেব বরাবরেষু

দরখাস্ত শ্রীতারিণী চরণ দাস
মোক্তার
নিবেদন এই যে বাঙ্গালা সন-
১২৬৩ সাল হইতে মোক্তারী কর্ম্মে নিযু-
ক্ত হইয়া বাঁশবাড়িয়া নিবাসী শ্রীযুক্ত
বাবু হরিশ্চন্দ্র কুণ্ডু ও কৃষ্ণনগর
নিবাসী শ্রীযুক্ত বাবু বামাচরণ চৌ-
ধুরী প্রভৃতি জমীদারের তরফ
নানা আদালতে আম মোক্তারী
কার্য্য করিয়া আসিতেছি অধুনা

মহামান্য সদর বোর্ডের চিঠীর বিধান মতে মোক্তারী শ্রেণীভুক্ত হওনের জন্য আলাহিদা ফারম মতে হুজুরে দরখাস্ত করিয়া প্রার্থিত যে আমাকে মোক্তারী শ্রেণী-ভুক্ত করিয়া সন ১২৬৫ সালের ২০ আইনের বিধান মতে রীতি মত সার্টিফিকেট দিতে আজ্ঞা হয়। হুজুর মালেক নিবেদন ইতি সন ১২৭৩ সাল তারিখ ৩০ বৈশাখ

নং ৬০

মহামহিম জেলা নদীয়ার
শ্রীযুত কালেক্টর সাহেব
বরাবরেষু

বাদী — প্রতিবাদী
স্বরূপচন্দ্রপাল — তিনুঘোষ

অত্র মোকর্দ্দমায়প্রতিবাদীর
পক্ষের বর্ণনাপত্র

১। বাদী ১২৬৭ শালে পত্তনি
সুত্রে ৵১৬ আনা অংশে দখলী-
কার ছিলেননা। উক্ত সনে
৵২৷৷= আনা অংশের পত্তনি-
দার থাকায় বাদীর আরজীর
লিখিত জমায় আমার অংশের
দেনা সালিয়ানা .৫১৬ আনার
মধ্যে উক্ত সনে বাদীর কথিত

৮০ আনা গোমস্তা হর গোবিন্দ বড়ালের নিকট আদায় করিয়াছি। ঐ সনে ডিক্রী প্রাপ্ত সরিক জমীদার উমাময়ী বর্ম্মণ্যার অংশের /১৩৷— আনা বাদী পত্তনি লইয়া তাহাতে দখল পান নাই, অদ্যাপি উক্ত ডিক্রী প্রাপ্ত সরিকের বিপক্ষ সরিক ঈশান চন্দ্র রায় প্রভৃতি পুর্ব্ব অংশানুসারে দখলীকার থাকায় ঐ অংশের খাজানা উক্ত সরিকানের নিকট আদায় করিয়া আসিতেছি এবং বাদীও পূর্ব্ব অংশ মত ৴২৷= আনা রকমে পত্তনি সুত্রে দখলীকার ছিলেন

২। ১২৬৮ সালে বাদীর পত্তনির কোন অংশে দখল নাই

কারণ ৵২॥= আনা অংশের মা-
লিকের দেন ডিক্রীর নিলাম সুরেন্দ্র-
নাথ রায় ও দ্বারকানাথ ভট্টাচার্য্য ও
যদুনাথ রায় খরিদ্ করিয়া বাদীর
পত্তনি অসিদ্ধ বলিয়া বাদীকে বে-
দখল করিয়া খাস দখল করায়
উক্ত নিলাম খরিদারের গোমস্তা-
গণের নিকট ঠিক সনে ঐ অংশে-
র খাজানা আদায় করিয়া দাখিলা
পাইয়াছি এবং সরিক মৃত বনোয়া-
রীলাল রায় দিগের অংশের ডিক্রী
দার নবকৃষ্ণ রায়ের নিকট ৵১৩-
আনা অংশ বাবৎ পত্তনি লওয়া ক-
হেন এবং ঐ বিবাদী ও উপরোক্ত
বেদখলি ও দোবারা অংশ সমেত
১২৬৮ সাল হইতে ।৵৯।— আনা
র পত্তনিদার করায়ে দাবি করিয়াছে

ফলতঃ উক্ত নবকৃষ্ণ আদালতের
কোন নিদর্শনের দ্বারা দখলীকার
হয়েন নাই এবং বাদীও তাহার
পাট্টা কি আমলনামা প্রচার ক-
রেনাই ঐ অংশে বিরুদ্ধ। মহী
বর্ম্মণ্যা দখলীকার থাকায় তাঁ-
হার আপত্তি মতে কোন পক্ষকে
ঐ অংশের খাজানা দেওয়া
হয় নাই। ঐ অংশের বাবত আ-
মার অংশে ১২৩৮ সালে ৷৶
বাদে টাকা ও সন ১২৩৯ সা-
লের নাং তাদ্র নিজী তলব
সুরাতে ১৴ একুনে ৫৶ আনা
ন্যায্য দেনা আছি। এমতাব-
স্থায় বাদী স্বত্ব সাব্যস্ত ব্যতীত
অত্র নালিসে অনধীকারী
অতএব দাখিলী ফিরিস্তি

যুক্তে দাখিল করিলাম । আবশ্যক
মতে প্রমাণাদি লইয়া অন্যায় দা-
বী হইতে মুক্ত দিতে আজ্ঞা হয়।
ইতি সন ১২৬৯ শাল তাং ৩ আশ্বিন
শ্রী তিনু ঘোষ আমি ইহা জানাই-
তেছি যে এই বর্ণনা পত্রের কথা
সকল জ্ঞান ও বিশ্বাষ মতে সত্য

শ্রী তিনু ঘোষ

নং ৩১

মহামহিম জেলা নদীয়ার
শ্রীযুত ডেপুটী কালেক্টার
সাহেব বরাবরেষু

শ্রী গোলাম আজগার মিঞা
বঃ শ্রীরাম চাঁদ সরকার মোক্তার

দরখাস্ত শ্রী গোলাম আজগার
মিঞা নিবেদন এই যে আমার
দর পত্তনি বসন্ত ডাঙ্গা গ্রামের

কস্মারি জমীর নক্তি চর বসন্ত ডা-
ঙ্গার জমী যাহা পত্তনি দারশ্রীযুত
চারু চন্দ্র ঘোষের বিনাম দার
শ্যামাচরণ ঘোষের নামে সরকার
হইতে সন ১২৭১ সাল তক মেয়া-
দী বন্দোবস্ত ছিল। ঐ মেয়াদ
অতীত হওয়ায় পুনরায় সন১২-
৭২ সালাবধি বন্দোবস্ত হইবার
কারণ চর মজকুরার ভূমি জরীপ
তদন্তের জন্য শ্রীপূর্ণচন্দ্র মুখো
পাধ্যায় আমীন মোকরর হইয়া
আমার বে মোকাবেলায় জরীপ
তদন্ত করিয়া সাবেক বন্দোবস্তীর
চৌহদ্দীর অতীরিক্তে আন্দাজ
৬০/. বিঘা আমার দর পত্তনি
তালুক বসন্ত ডাঙ্গার করারি
আহিরি জোল নামক ঐ ৬০/.

বিঘা জমী ও জঙ্গল অপেক্ষাচর জমীতে বৃদ্ধি করত কাগজ দাখিল করিয়াছেন। সেই জরীপ অনুসারে আমার অজ্ঞাতে পরতাল হইয়াছে। ধর্ম্মাবতার! পত্তনিদার শ্রীযুত চারুচন্দ্র ঘোষ ঐ বসন্ত ডাঙ্গা দরপত্তনি দেওয়ায় আমি সন ১২৭১ সাল হইতে ঐ বসন্ত ডাঙ্গা দিগর গ্রামে ও তৎনক্তি বন্দোবস্তী চর বসন্ত ডাঙ্গায় দখলীকার আছি। এই ক্ষণে উক্ত চর জমী আমার সহিত বন্দোবস্ত হওয়া বিধি। কিন্তু আমার কোন লোক কি আমি ঐ জরিপের বৃত্তান্ত কিছুই জ্ঞাত নহি। এমতে প্রার্থনা ঐ করারি জমী

৬০/. বিঘা চর জমী হইতে বাদ দিয়া সাবেক বন্দোবস্তের চৌ-হদ্দী মত আমীনের জরীপের বক্রী জমী আমার সহিত বন্দোবস্ত করিতে আজ্ঞাহয় নিবেদন ইতি সন ১২৭২ সাল ৩ বৈশাখ

নং ৩২

মহামহিম জেলা নদী-য়ার শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু

শ্রীপ্রমথ নাথ ঘোষ
শ্রীআশুতোষ ঘোষ
পত্তনি দার

দরখাস্ত ওয়াস্তেরাত্ শ্রীপ্রমথনাথ ঘোষ ও শ্রীআশুতোষ ঘোষ পত্তনি তালুকদার নিবেদন এই

যে মহারাজা শ্রীযুত সতীশচন্দ্র বাহাদুর আমাদিগের নামে ৩ নম্বরে ১১৭০৭।১০ টাকারপরিমা-নে যে ৮ আইন জারি করিয়াছেন, সে নিতান্ত অন্যায়-তাহা নিম্নে লিখে দিতেছি।—

১। মহারাজা সদরখাজনার টাকায়, সুদ বার করিয়া নালিস করিয়াছেন, নিতান্ত অন্যায়, কারণ পত্তনি কবুলতীর স্বত্বতগ্ন করিয়া সন ১২৫৭ সালের ২ ভাদ্র তারিখে মোহর দস্তখতি যে দলিল লিখিয়া দিয়াছেন, তাহাতে স্পষ্ট স্বত্ব লিখিত আ-ছে, যে সদর খাজনার টাকার সুদ চলিবেকনা।ঐ দলিল সন ১৮৬২ সালের ২৯ নবেম্বর

দেওয়ানি মোকর্দ্দমায় মকস্মল হইয়াছে। এক্ষণে ঐ দলিলের স্বত্বানু সারে সুদ পাইতে পারেন না।

২। বাদীর মুনাফা বর্ত্তমান আশ্বিন কিস্তীর সদর খাজনা ৬৬০।৩ টাকা যে হিসাব ধরিয়াছেন, উক্ত টাকার মধ্যে সদর খাজানার টাকা বাদী আমার নিকট পাইতে পারেন না উক্ত টাকা সন ১২৫৭ সালের ২ ভাদ্র তারিখের ঐ দলিলের স্বত্বানু সারে আমরা কালেক্টরীতে দিতে বাধ্য আছি। এক্ষণে ঐ মকস্মল দলিলের স্বত্বের বরখেলাপ সদর খাজানার টাকা বাদী আমাদিগের

নিকট পাইতে পারেন না।—

৩। বাদীর মুনাফা বর্ত্তমান সনের ইঃ বৈশাখ নাং আশ্বিন ৫৭৬।৵১ টাকাও তাহার সুদ ৩।৵৹ টাকা একুনে ৫৭৯৵১ টাকা আমাদিগের নিকট পাইবেন, তাহা দিতে স্বীকার আছি।—

৪। বাদী যে কয়েক ব্যক্তির নামে ৮ আইন জারী করিয়াছেন, তন্মধ্যে আসামী কামিনী দাসীর মৃত্যু হইয়াছে। মৃত্যু নামে নালীস করায় বাদীর এই নালীস চলিতে পারেনা। সন ১২৭১ সাল তারিখ ১৮ কার্ত্তিক—

নং ৬৩

মহা মহিম শ্রীযুত জেলা
নদীর কালেক্‌টর সাহেব
বরাবরেষু

দরখাস্ত শ্রীশ্রীহরি চৌধুরী
আছালতন ও অছিয়তন জানবে
শ্রী প্রাণ কৃষ্ণ চৌধুরী নাবালগ ও
শ্রীরাম গোপাল চৌধুরী ও শ্রীক-
নক মণি দাস্যা জওজে ৺
গঙ্গা গোবিন্দ চৌধুরী মাদরে
শ্রী বিজয় গোবিন্দ চৌধুরী ও হরে-
কৃষ্ণ চৌধুরী নাবালগান জলুক-
দার মৌজে জমসের পুর মায়
মজফা গোপাল নগর ও মৌজে
হুদা পাড়া বুকা আমাদিগের নি-
বেদন এই অত্র জেলার অধীন

পী: রাজপুরের অন্ত:পাতি ডিহি
বেল গড়িয়া যাহার সদর জমা
কোম্পানির ৩৭০২৷৷১ টাকা বালি-
য়া ডাঙ্গা নিবাসী শ্রীরামনাথরা-
য় ও আমাদীগের নাম সম্বলিত
এজমালীতে কালেক্‌টরী সেরে-
স্তায় তাঁহত লেখা যায় ঐ ডিহি-
র সামিলাত মৌজে জমসের
পুর মায় মৌজাফা গোপালন-
গর সদর জমা ৩৬৫৮৴৭ টা-
কা ও মৌজে খুদা পাড়া বুকার
সদর জমা ২৬৯৭৴৯ টাকা এ-
কুনে ৬৩৫৴৬ টাকার তাঁহত
ও মৌজে গড়ুড়া ও গোপাল-
পুর ও গায়রহ গ্রাম হায়ের হ-
কীয়তে উক্ত রায় তালুকদার ম-
প:সল দখল কার থাকিয়া এ-

জমালিতে হুজুরে মালগুজা-
রীর সরবরাহ করিয়া আসিতে-
ছেন ও আসিতেছি। এক্ষণে
আমাদিগের হকীয়তের তাহুত
বাটয়ারা করিয়া লওয়ার আবশ্যক
একারণ প্রার্থনীয় যে প্রচলিত
আইনের মর্ম্মানুসারে হুজুর
হইতে জনেক আমীন নিযুক্ত
করিয়া ডিহিমজকুরা জরীপজমা-
বন্দী ও রীতিমত বণ্টক করত উ-
ক্ত মৌজে জমসেরপুর মায়
মৌজাফা গোপালনগর ও মৌজে
পাড়াবুকার সদর মালগুজারী উ-
পর উক্ত ৬৩৫/৬ টাকার
পৃথক তাহুত কিস্তীবন্দী আ-
মাদিগের স্থানে লেখাইয়া
লইয়া মালগুজারীর সরবরাহ

লইতে আজ্ঞা হয়, তবে আমারা আপন হকে বজায় থাকি, ইহা নিবেদন ইতি সন ১২৫৫ সাল তারিখ ২৬ চৈত্র

ইসাদী

শ্রীরামচন্দ্র চট্টোপাধ্যায় মোক্তার
শ্রীঈশ্বর চন্দ্র গাঙ্গুলী মোক্তার
শ্রীরাজকুমার সরকার মোক্তার
শ্রীরাজ চন্দ্র সরকার মোক্তার

—০০—

নং ৬৪

মহামহিম জেলাবিচারের মোকাম
মহেশপুরের ডেপুটীকালেক্টর
মহাশয় বরাবরেষু

দরখাস্ত শ্রীনবীন চন্দ্র রায় সাং ফতেপুর নিবেদন এই যে হাঁসাদহ হইতে মহেশপুর পর্য্যন্ত যে রাস্তা হইতেছে, ঐ রাস্তার মধ্যে মৌজে একতার পুর গ্রামে আমীনের জরীপী চিঠার লিখিত ১৪ দাগে আমার ১।৪ বিঘা বন্দোবস্তী জমী পতীত হইয়াছে। ঐ জমীর মূল্য উক্ত গ্রামের অন্যান্য সকলের সহিত যে রূপ মূল্য ধার্য্য হইয়াছে, তদনুসারে আমার সহিত মল্যাবধা-

রণ পূর্ব্বক আমাকে মূল্য দিতে আজ্ঞা হয়। নিবেদন ইতি ১২৭১ সাল ১৬ চৈত্র

নং ৯৫

শ্রী নিমাই মণ্ডল
শ্রী হাইদর সেখ
শ্রী এলাম মণ্ডল
শ্রী সোমস মণ্ডল
সাং আনন্দনগর

মহামহিম শ্রীযুক্ত জেলা নদীয়ার ডেপুটী কালেক্টর মে: এলেন সাহেব বরাবরেষু

দরখাস্ত শ্রী নিমাই মণ্ডল ও শ্রী হাইদর সেখ ও শ্রী এলাম মণ্ডল ও শ্রী সোমস মণ্ডল সাং আনন্দনগর, আমাদিগের নিবেদন এই ৬৯৯ নং নাখরাজ বাজে আপ্তী জমী, যাহাতে শ্রীযুত সরকার বাহাদুর বাদী ও রামগতি রায় প্রতিবাদী ঐ নম্বরের জমী আমরা পূর্ব্বাবধি

জোত আবাদ করিয়া প্রতিবাদীর
নিকট জমাই হারে ৷৷• আট আনা
ও ৩টে বন্দী হারে ৮• বারো আনা
মাল গুজারী করিয়াছি। পরে উ-
ক্ত জমী সরকারে খাস হইলে হু-
জুরের তহসীলদার শ্রীউমেশচন্দ্র
ঘোষ আমার দিগের স্থানে ঐ হার
নিরিখ বাহাল রাখিয়া সন ১২৫১
সালের খাজনা সোদ ও সন
হালের নাং আষাঢ় তলপ সো-
দ খাজনা লইয়া বেবাক টাকার
কবজ দিয়াছিল। এইক্ষণে ঐ
তহসীলদার বরখাস্ত হইয়া অ-
দ্য আট রোজ হইল হুজুর হ-
ইতে নূতন তহসীলদার একজন
তাহার নাম জানিনা, মফঃসল
গিয়া ঐ সাবেক তহসীলদারের

কবজী উসুলী টাকা মজুরা নাদি-
য়া ঐ টাকা দোকর আমাদিগের
স্থানে তলব করিতেছেন, এবং হার
নিরিখ তরদিশ করিয়া জেয়াদা
নিরিখ সুরত খাজনার তলপ ক-
রিতেছেন। আমরা কবজী উসু-
ল মজুরা দিয়া খাজনা লইতে
বলায় না শুনিয়া আমাদিগকে
এবং অন্য২ জোতদারকে পে-
য়াদা মোসুল দিয়া কয়েদ ক-
রাতে আমরা কোন গতিকে পা-
লাইয়া আসিয়া দরখাস্ত করিয়া
উমেদার যে তহসীলদার মজকু
রের নামে এককেতা পরোয়ানা
হয় যে আমাদিগের কবজী উসু-
লের টাকা মজুরা দিয়া সাবেক হার
নিরিখ মত খাজনা লন ১২৫২। ৯ ভাদ্র,

নং ৬৬

মহামহিম জেলা নদীয়ার
শ্রীযুত কালেক্টর সাহেব
বরাবরেষু

দরখাস্ত শ্রীবামাসুন্দরী বর্ম্মণ্যা অলি মদার শ্রীকৃষ্ণনাথ রায় নাবালক সাং নাকাশীপাড়া নিবেদন এই যে আমাদিগের এজমালীর জমীদারী নং ১৭ ডিহির আনফা দিগর নীচের লিখিত মহালাস্তের আমার নাবালগ পুত্রের অংশের সদর মালগুজারী নিয়ম কাল মধ্যে দাখিল করিয়াছি। ধর্ম্মাবতার ঐ সকল মহল আমাদিগের বহু সরিকের থাকা বিধায় কোন সরিক কত টাকা দাখিল দাখিল করিয়া-

ছে তাহার নিরাকরণ করা যায়নাই।
এক্ষণে তদন্ত জানা হইল নীচের
লিখিত মহালাতে বাকী পড়িয়া-
ছে। ঐ বাকী দাবীতে নিরাপরাধে
আমার নালক পুত্রের সমূহ ক্ষ-
তির কারণ হয়। হুজুরের কৃপা
ব্যতীত নাবালক পুত্রের বিষয় র-
ক্ষার উপায় বিহীন। আমি বহু
কষ্টে নীচের লিখিত মহালাতে-
র বাকীর সংস্থান করিয়া প্রার্থিত, হু-
জুর অনুগ্রহ পূর্ব্বক বাকীর মবলগ মজকু-
র আমার নিকট হইতে দাখিল করিয়া
লইয়া নাবালগের স্বত্ব বজায়রাখিতে
আজ্ঞা হয় ইতি সন ১২৬৮ সাল
তারিখ ৯ মাঘ

তপসীল

১৭ নং ডিহি আনফা — ৩১০ দর্শন

২৯নং বৈরমপুর —— ৫৩৮৴॥

১০২নং কলারোওয়া হোসেন

পুর ৬০৸৷০

৮৭০নং উদয়চন্দ্রপুর —— ৩০৲

৮৯১নং রুদ্রনগর —— ১৪৷৶.

১৭৮০নং খাসপুর ইত্যাদি —— ১০৸৶.

নং ৬৭

মহামহিম শ্রীযুত কালে-
ক্টর সাহেব জেলা
যশোর বরাবরেষু

শ্রী দিগম্বর রাং
বঃ শ্রী রামচরণ চট্টোপাধ্যায়ং
সাং সোতোড়ার

দরখাস্ত শ্রী দিগম্বর রায়, সাকিন
মূর্চ্ছকুণ্ড পং নলদী নিবেদন সরকা-
রের বাজে আপ্তী চর ছাতী আলী
ছানী বন্দোবস্ত জন্য হুজুর মফঃস

ল শুভাগমন করিয়া উক্ত চরের কি-
য়দংশ ভূমীর প্রজাওয়ারি বন্দোবস্ত
আমার সহিত করার হুকুম দিয়াছেন
ধর্ম্মাবতার তাহাতে আমার প্রতি
অন্যায় হইয়াছে। তদ্বিস্তারিত নি-
ম্নের নিবেদন শ্রবণ আজ্ঞা হয়।

১। দফা। মেঃ সের সাহেব
কালেক্টরের জরীপী ৫৬০/.
বিঘা ভূমি আমার দখল থা-
কা স্পষ্ট প্রকাশ থাকাতেও
গ্রহ ক্রমে ৩২৬/. বিঘা ও রাম-
কুমার বসুর ও জরি ৫০/. বিঘা
ভূমি আমার সহিত বন্দোবস্ত
করার জন্যে গত ১০ মার্চ্চ তা-
রিখে হুজুর হুকুম দিয়াছেন,
তাহার মধ্যে ও জরি ৫০/. বিঘা
এইক্ষণে ৩২৬/. বিঘার মধ্যে

ভুক্ত হওয়া প্রকাশ পাইতেছি। বা-
স... বন্দ্যোপাধ্যায় বাবুর জরীপের
লিখিত ৬২৬/. বিঘা ও তদতিরি-
ক্ত রামকুমার বসুর ওজরি ৫০/.
বিঘা আমার প্রাপ্য হুকুম হই-
য়াছিল একারণ প্রার্থনীয় ঐ
ওজরি ৫০/. বিঘা ও আমারপ্রাপ্য
বিধায় আমার সহিত বন্দোবস্ত
করিতে আজ্ঞা হয়।

২। দফা আমার প্রাপ্য ভু-
মি মজকুরা বন্দ্যোপাধ্যায় ডে-
পুটী কালেক্‌টর বাবু পরগণার
রেওয়াজী ২১ইঞ্চী হাতের ৮০
হাত রশীর দ্বারা জরীপ করিয়া
১৮ ইঞ্চী হাতের ৮০ হাত রশীর
জরীপে ভূমি পাইলে মবলগ
ভূমি কমী হয়, সুতরাং গরীব

বজায় থাকেনা। এ কারণ প্রার্থি-
ত ২১ ইঞ্চী হাতের ৮০ হাত
রশীর মাপ হিসাবে যে জমী
বেশী হইবেক তাহার স্বত্ব করি-
য়া দিতে আজ্ঞা হয়।

৩। দফা আমার প্রাপ্য হ-
ওয়া ৮।৯।১০ দাগের ভূমিতে
৫০/ বিঘা যে লিপী আছে,
ঐ ভূমি আমরা ১৮ ইঞ্চী হাতে-
র ৮০ হাত রশীর দ্বারা জরীপ
করিলে ২৭ বিঘা ভূমি হইল।
বিচার পতি ঐ ৩ দাগে কখন
৫০/ বিঘা ভূমি হইবেকনা, তাহা
হুজুর হইতে জনেক আমলার
দ্বারা জরীপ করিলে প্রকাশ
হইবেক। একারণ প্রার্থিত ঐ
৩ দাগ জমী হুজুর হইতে জনে-

ক আমলার দ্বারা জরীপ করিয়া ৫০/ বিঘা পুরাইয়া দিতে আজ্ঞা হয়। ইতি

৪ দফা। পূর্ব্বস্থিত শ্রীযুত-বাবু মহেশ্চন্দ্র বন্দ্যোপাধ্যায় ডে-পুটী কালেক্‌টরের জরীপে রা-ম কুমার বসু দিগরের নামে ৯০/ বিঘা ভূমি লেখা আছে। এবং তদনুযায়ী ঐ ৯০/ বিঘা ভূমির ডৌল বসুগণের পক্ষ হইতে ন-থীতে দাখিল, তদনন্তর মেঃ সে-র সাহেব কালেক্‌টর বাহাদুরের জরীপে ১০/৬ বিঘা ভূমি লিখিত তত্রাচ ২৮০ বিঘা ভূমি ঐ বসুর স-হিত বন্দো বস্তের হুকুম হুজুর হইতে হইয়াছে। বিচার কর্ত্তা যে স্থলে মোট চরে আমার

পথ, তাহাতে প্রশংসিত মে: সের-
সাহেব কৃত জরীপে আমার দখল
৫৬০ বিঘা ভূমি লিখিত আছে, সে-
স্থলে তাহার ন্যূন জমী প্রাপ্তের
হুকুম হইলে আমার প্রতি অন্যায়
হয় কিনা তাহার বিচার হুজুরেই
হইবেক। এতাবৎ কারণে দরখাস্ত
করিয়া প্রার্থিত উপরোক্ত কয়েক
দফা আপত্তি শ্রবণেও হুজুরের
শুভাগমনে যাহাতে আমার প্রতি
অন্যায় না হয়, তাহার মত বন্দো-
বস্ত করিয়া দিতে আজ্ঞা হয়
ধর্ম্মাবতার কর্ত্তা নিবেদন ইতি
সন ১২৬৬। ১ চৈত্র

নং ৬৮

শ্রীগিরিধর পসারি
দং শ্রীজগন্নাথ হালদার
মোক্তার

২৪নং

বাদী	প্রতিবাদী
বংশীবদন ঘোষ	অক্রুর নন্দী
সাং শোভনা	সাং শোভনা
পং মলই	পং মলই

মোং ৩।৵ টাকাবাবতে
বাকী খাজনা

ঐ মোকর্দ্দমায় তৃতীয় পক্ষ পরগণে মলইর শোভনা নিবাসী গিরিধর পসারীর পক্ষ হইতে মোজাহেম হেতু

১। বিরোধীয় করের ভূমিতে বাদীর কোন স্বত্ত্ব নাই। পরগণে মলইর তরফে শোভনার মধ্য

দীননাথ মিত্রের নিকট তস্য গাঁতির অন্তর্গত ৫ বন্দে ৫. বিঘা ভূমি আমি ও পিতা নিত্যানন্দ পসারি ৬ টাকা জমা লইয়া তদনুসারে ২ বন্দের কাত ২।• বিঘা নিজ কারকীতে ও বক্রী ৩ বন্দের কাত ২দ• বিঘাভূমি প্রতিবাদীকে বর্গা জোত দিয়া তাহার ফসলের ভাগ প্রাপ্তে দখলিকার স্বত্ববান্ থাকিয়া রাজস্ব আদায় পূর্ব্বক নিদর্শনাদি প্রাপ্ত হইয়া আসিতেছি, ভিন্ন বিরোধীয় করের মহালে বাদী এক দিনের তরেও কখন দখিলকার নহেন।

২। প্রশংসিত মিত্র গাঁতিদার মহাশয় আমার নিকট বেশীকর

চাহিবায় তাহা নাদেওয়ায় তদাক্রো
শে. জমাজমী হইতে আমাদিগ
কে নিরাশ করণের মানসে বাদীর
সহিত যোগ ঐক্যতায় ইজারা
দেওয়া বাহানা করিয়া বাদীর
দ্বারা আমাদিগের প্রাপ্ত ৬ টাকা
র জমার অন্তর্গত নিজ কার-
কীতে ২৷৹ বিঘা ভূমি ৪ বিঘা
উল্লেখে ৬ টাকা জমাকরারে
পিতার নাম সহিত আমার নামে
৭৮৪ নং ও আমাদিগের বর্গাহিত
প্রতিবাদীর জোতের ২৮৹ বিঘা জ
মীকে ৪৷৹ বিঘা বলিয়া ৬ টাকা জ
মা করারে এ অযথা নালিশ করায়
মোক্তা হেম দাখিল করিয়া প্রা
র্থিত বিচার পুর্ব্বক বাদীর অযথা
দাবী ধ্বংস ও আমাদিগের জমাই

স্বত্ব দখল বজায় রাখিয়া আদা-
লত খরচা সুদ সহ দেওয়াইতে
আজ্ঞা হয়। ইতি সন ১২৭২ শাল
তারিখ ২৭ অগ্রহায়ণ

আমি গিরিধর পসারি
ইহা জানাইতেছি যে এই
মোকদ্দমায় যাহা লিখিত হইল,
তাহা আমার জ্ঞান ও বিশ্বাস ম-
তে সত্য

শ্রীগিরিধর পসারি

নং ৬১

মহামহিম জেলানদী-
য়ার শ্রীযুত কালেক্টর
সাহেব বরাবরেষু

শ্রীমেঃ রবার্ট লার মোর সাহেব
ম্যানেজার জানবে বাঙ্গাল ইণ্ডিগো
কোম্পানি মোং কুটী কাটগড়া

আপীলাণ্ট	রেসপাণ্ড্যাণ্ট
শ্রীমেঃ রবার্ট লারমোর সাহেব ম্যানেজার জানবে বাঙ্গাল ইণ্ডিগো কোম্পানি মোং কুটীকাটগড়া	শ্রীগৌরচন্দ্র ঘোষ সাং কুলানন্দপুর

দাবি ৫৷০১০ টাকাবাবতে
বাকী খাজনা

অত্র মোকর্দ্দমা মোং বএড়ার ডেপুটী
কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণ বিহারী

মুখোপাধ্যায় গত ২৯ এপ্রেল তা-
রিখে যে ফয়সালা করিয়াছেন তা-
হার নারাজিতে এই আপীল করি-
লাম, আপীলের হেতু এই।

১ দফা। প্রতিবাদী মজকুর
জরীপ জমাবন্দী স্বীকার পূর্ব্বক
কবুলতী লিখিয়া দেওয়া ও ঐ
সুরত মাল-গুজারী করা যথা-
যোগ্য প্রমান হইয়াছে ও প্রতি-
বাদী তাহা তরদিদে কোন বিশি-
ষ্ট প্রমাণাদি দাখিল করিতে
পারেনাই, ইহাতে ডেপুটী বাবু
আমার পক্ষের গুজরায়া সাক্ষী-
গণের প্রতি কেয়াচ্ছি হেতুতে অ-
বিশ্বাস করিয়া নাহক হুকুম দে-
ওয়া আসল অবস্থার বিপরীত
অন্যায় হইয়াছে, তাহা হুজুরের

তজবীজে অপ্রকাশ থাকিবেকনা।

২দফা। প্রতিবাদীর লিখিয়াদেওয়া কবুলতীর ষ্ট্যাম্প অপর ব্যক্তির নামে খরিদ থাকার স্থলে যে অবিশ্বাসের কারণ লিখিয়াছেন, তাহা এনছাপের বিপরীত, যে হেতু বহুতর প্রজা এককালে দলিল লিখিয়া দিবার সময় দলিলের ষ্ট্যাম্পে যে২ ব্যক্তি কবুলতী দিবেক, তাহারাই যে খরিদ করিয়ানা আনিলে সে দলিল যে অমান্য হইবেক, এমন কোন আইন প্রচলিত নাই, বহুতর প্রজা কবুলতী দিতে হইলে, নাম২ ষ্ট্যাম্প খরিদ হওয়া সম্ভব কোন মতেই নহে। তাহা হুজুরে অবিদিত নাই। ইতি

আর২ বিস্তারিত উমাকান্তরায়ের

নামীয় আপীলের মোকর্দ্দমায় লি-
খিলাম, তাহারি সুবিচারে ডেপুটী
বাহাদুর অন্যায় হুকুম রহিত পূ-
র্ব্বক আমার হক দাবী দেলাইতে
আজ্ঞা হয়। ইতি সন ১২৬৮ সাল
তারিখ ২৯ বৈশাখ

নং ৭০

রোবকারী কাছারী কালেক্টরী জেলা
যশোর শ্রীযুত মেং এন্, এম, সুটার
সাহেব এসিষ্ট্যাণ্ট কালেক্টর সন
১৮৬৫। ৩ মার্চ্চ

তৌজীর ৪২৮৮ নম্বরের মহাল
পরগণে সিলমা বাদের অন্তর্গত
কিশমতে ঝিকড়ার চিরস্থায়ী
বন্দোবস্তের বিষয়

মোট জমী হিঃ সাবেক জরীপ	বাদগর নায়ক পতিত	বাকী জমা	খাস জমা	বাদনিষ্কী মালিকানা সরঞ্জামী	বাকী প্রাপ্ত সরকার বাহাদুর	রাস্তাঘাট মেরামত বাং ফিসত এক টাকা হিসাবে	এসান	বন্দোবস্তের প্রকার ও মেয়াদ	বন্দোবস্ত গণের নাম
৫৩৷৷৩	১৸০	৫১৸৩	৫১৸১০	২৫৸৶০ ৫ —	২৫৸৵৫ বার ২৫ ২৫৸৶০	৸	২১৶০	সন ১২৭২ সালের ১ বৈশাখ হইতে চিরস্থায়ি	সুখময় মুখোপাধ্যায় পূর্ণানন্দ মজুমদার

১ ধারা বন্দোবস্তের কারণ আরম্ভ এবং তাহাতে সরকার বাহাদুরের যে স্বত্ত্ব আছে তাহা

মোকর্দ্দমার বিবরণ এই যে হরচন্দ্র চৌধুরী দিগর কৃষ্ণনাথ সিংহ দিগরের নামে ৪০ টাকা পরিমাণে জমা বেদখলীবাবত দেওয়ানী আদালতে নালিস করায় সিংহগণ ঐ ভূমি শাসন নিষ্কর এজহারে জওয়াব দেওয়ার সকর নিষ্করের বিবাদ মীমাংসা হেতু উক্ত মোকর্দ্দমা পূর্ব্বস্থিত শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে আগত হইয়া প্রশংসিত শ্রীযুত কর্ত্তৃক ডিসমিসের অভিপ্রায় যুক্তে কাগজাত দেওয়ানী আদালতে প্রেরণ ও কোর্ট আপীলে

-র বিচারে উক্ত আদেশ স্থির তর থাকিয়া বিরোধীয় ৪০৪/· বিঘা ভুমির বাবত ১৮।১৯ সালের ২ আইন মতে মোকর্দ্দমা দায়ের করিবার আদেশ হওয়ায় তদনুসারে মোকর্দ্দমা উক্ত কানুন মতে সরকার বাহাদুর বাদী হরচন্দ্র চৌধুরী দিগরের প্রতি বাদীত্বে উপস্থিত ও শ্রীযুত খাস ডেপুটী কালেক্টর সাহেবের বিচারে ১৮৪১ সালের ২১ সেতম্বর তারিখে সরকারের পক্ষে ডিক্রী হওনানন্তর প্রস্তাবিত কানুন দোয়েমের মোকর্দ্দমার আপত্তিকারী রঘুনাথ ঘোষের আপীল মতে খাস কমিসনরী আদালতের ১৮৪৫ শালের ৬ জুন তারিখের ফয়সালার হুকু-

মানুসারে কুনা নদীয়া গ্রামের ১০২৮০ বিঘা ও ঐ গ্রামের ২১/০ বিঘাভূমি ১১৭৭ সালের সনন্দে লিখিত থাকায় তাহা পূর্ব্বস্থিত ডেপুটী কালেক্টর মেঃ রাইলী সাহেবের ১৮৪৫ সালের ১ সেতম্বর তারিখে ও শ্রীযুত কালেক্টর সাহেবের ঐ মাসের ৩ তারিখের ইংরাজীচিঠী মতে খালাস বাদে বক্রী বিরোধীয় ভূমি জরীপ তদন্তে মোট ২০৯।।৪। বিঘা ভূমি সাব্যস্ত হইয়া ঝিকড়ার ৫৩।।৩ বিঘা জমীর গর নায়ক ১৮০ বিঘা বাদে বক্রী ৫১৮৩ কাটা জমী সুখময় মুখোপাধ্যায় ও পূর্ণানন্দ মজুমদার ও বিলবর্ণের ১২২।০। বিঘা ভূমির ৫।৩৮ কাটা জমী গর নায়ক বাদে বাকী

১১৬দ১॥ কাটা জমী দ্বারকানাথ চৌধুরী দিগর সারটীয়া কৃষ্ণনগরের ৩৪/১। কাটা জমীতে নাখেরাজ দারগণ প্রজার মারফতে দখিলকার থাকা ও তলব মতে নাখেরাজ দার গণ হাজীর নাহওয়ায় ঝিকড়ার ভুমি দখলীকার ও পূর্ণানন্দ ও সুখময় ও বিলবর্গের ভুমি দখলীকার উক্ত দ্বারকানাথ প্রভৃতি ও সারটীয়া কৃষ্ণনগরের ভূমি প্যারি মোহন বন্দোপাধ্যার সহিত উহাদিগের প্রার্থনা মতে পৃথক পৃথক তিন তৌল ১২৫২ সাল হইতে ১২৭২ সাল পর্য্যন্ত ২০ বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত হওনান্তর বিলবর্গ ও সারটীয়া কৃ-

স্থ নগরের ভূমি অন্য প্রকারে
বন্দোবস্ত হওয়া প্রকাশ থাকার
স্থলে শ্রীযুত কালেক্‌টর সাহে-
ব গত বর্ষের ১৩ জুলাই তা-
রিখের রোবকারীর দ্বারা সন
১২৭২ সাল হইতে ঝিক্‌ড়ার
পুনঃ বন্দোবস্ত আমলে আ-
নিয়া রোয়দাদ প্রেরণার্থে ন-
থীর কাগজাত এপক্ষের স-
মীপে অর্পণ করিলায় নিয়মানু-
সারে বন্দোবস্ত গ্রহণ করণা-
র্থে মালগুজদার গণের নামে
এত্তেলা নামা জারী হওয়ার
পর সুখময় মুখোপাধ্যায়-
ও পূর্ণানন্দ মজুমদার ও
হরনারায়ণ ও মহেন্দ্র নারা-
য়ণ সিংহ বন্দোবস্ত গ্রহণের

প্রার্থণায় পৃথক২ দরখাস্ত দ্বারা হাজির হইয়াছে। ইতি

নং ৭১

আরজী কালেক্টরী

বাদী	প্রতিবাদী
মালু গাজী পি: নুর মহম্মদ গাজী পেসা চাসবাস আবাদ সাকিন খাজুরা পরগণে হোসন প্পুর	মধু গোলদার ও সাধু গোলদার পি: দামু গোলদার সাকিন খাজুরা পং হোসন প্পুর ইষ্টেসন মালরাম প্পুর

মোং ৫ বিঘা জমীতে বেআইন বেদখল উহার মুল্য অনুমান ৫

টাকা—

নং ১৪৩ তৌজীর মহাল পরগণে হোসন পুরের মোগলক থাজুরা গ্রামে প্রতিবাদী গণের মধ্যে মধু ও সাধু গোলদার প্রতিবাদীর পৈতৃক গাঁতি জমা যে আছে, তাহার মধ্যে ৩ বন্দে ৩ বিঘা জমী সমেত বৃক্ষ সালিয়ানা ৮৶৹ টাকা জমা অবধারিতে সন ১২৭২ শালের ২ চৈত্র তারিখে জমা করিয়া দেওয়ায় আমি জমা জমীতে দখলীকার হইয়া বসত বাস পূর্ব্বক নিজ কারকীতে ধান্য, তামাক ইত্যাদি ফসল তৈয়ার করিয়া লইয়া কর আদায়ে দখ-

নীকার আছি, তাহাতে উক্ত জমীর মধ্যে হইতে নীচে লিখিত চৌহদ্দীর ১ বন্দ ভূমিতে বর্ত্তমান সনের ২৫ ফাল্গুণ তারিখে প্রতিবাদী গণ লাঙ্গল দিয়া চাস করিয়া কাঁঠাল পাড়িয়া লইয়া আমাকে বে আইন মতে বেদখল করায় আমি ১৮৫৯ সালের ১০ আইনের ২৩ ধারার ৬ প্রকরণ অনুসারে দাখিলা ও প্রমাণের বলে ঐ জমীতে পুন দখল পাইবার মুল দলিল দাখিলা আরজী সহ দাখিল করিলাম ইতি ১২৭৩।২ চৈত্র

নং ৭২

মহামহীম শ্রীযুত
কালেক্টর সা
হেব জেলা
যশোর বরাবরেষু

শ্রী ঠাকুর দাস গোস্বামি
শ্রী রামদাস গোস্বামি
শ্রী নীলকমল বসু মোক্তার

দরখাস্ত শ্রীঠাকুরদাস গোস্বা-
মী ও শ্রীরামদাস গোস্বামী
জমীদার পরগণে সাতৈর ৷
নিবেদন এই উক্ত পরগণার
মোতালকে চর ছত্রাবর্ত্তী যাহা
এইক্ষণে হুজুরের বিচারিত
জের বন্দোবস্তে আমাদিগে
র দখলে আছে, তাহাতে ঐ
চর হুজুর কর্ত্তৃক বন্দোবস্ত
সমাধা পর্য্যন্ত সরকারী খাস

তহসীলের আদেশ হওয়ায় আমাদিগের সমূহ ক্ষতি এবং শ্রীযুক্তা মহারাণীর লোকসান হওয়ার সম্ভব থাকায় আপাতক সাবেক জমার সন-১২৭৩ শালে মেয়াদী ইজারা প্রাপ্তির প্রার্থনা। ইতি

১। উক্ত চর আমাদিগের সহিত অত্র পূর্ব্বে কায়েমী বন্দোবস্ত হওয়ায় আমরা বহুতর ব্যয়ের দ্বারা যেসকল প্রজা পত্তন করিয়াছি। এক্ষণে আমাদিগের সহিত বন্দোবস্ত না হইয়া খাস তহসীল হইলে ঐ সকল প্রজাগণের স্থানে আমাদিগের যেসকল খাজনা বাকী আছে, তত বাকত নালীস

করিতে হইলে, প্রজাগণ নূত-
ন পত্তনীয় প্রজা বিধায় উ-
ঠিয়া যাওয়ায় ঐ চরের জঙ্গ-
ল সাফাই নাহইলে, জমী
সকল পতিত ও আমাদি-
গের পক্ষে অসীম ক্ষতি হও-
য়ার সম্ভব। ইতি

২। উক্ত চর সম্বন্ধিয় ক-
তক অংশ জমীতে মৌরসী পা-
ট্টা সূত্রে দখল পাওয়ার বাবত
শ্যামা সুন্দরী দাস্যা শ্রীযুত মেং
বেল সাহেব ১৪০।১ নম্বরে দ-
খল পাওয়ায় সদর আমীন
আদালতে নালিস করিবাতেএ-
ক্ষণে ঐ মোকর্দ্দমা তদন্ত জন্য
সিবিল কোর্টের আমীনের না-
মে পরওয়ানা প্রকাশ হওয়ায়

বিপক্ষগণ ঐ আমীন শ্রীউমে-
শচন্দ্র মিত্রের সহিত যোগে
হুজুরের কৃত নকশার বিচারি-
ত বিবাদীয় জমীর দুই পার্শ্বে
বন্ধেশ্বরদী দিগর এবং খালাসী
ও রুইজালীর চর প্রভৃতির
সীমানার মধ্যগত বহুতর জ-
মী বাদ দিয়া নকশা প্রস্তুত
ও জবান বন্দী লইতেছেন
এ জন্য মোকর্দ্দমার ঐ তদ্বির
করা মহল খাস তহসীলে
কোন মতে হওয়ার সম্ভব না-
থাকায় ঐ মোকর্দ্দমা আদা-
লত কর্ত্তৃক জানা অবস্থার
বিপরীত বিচার হইলে আগত
কালে ঐ সকল জমী চর
হইতে বাদ পড়িলে সরকার

বাহাদুরের ক্ষতি ও আমাদিগে-
র সমূহ লোকসান হওয়ার স-
ম্ভব এজন্য দরখাস্ত করিয়া
প্রার্থিত যে উপরোক্ত বিবরণ
প্রণিধানে ঐ চর সন ১২৭৩ সা-
লে সাবেক জমায় আমাদিগে-
র সহিত বন্দোবস্ত করিতে আ-
জ্ঞা হয়। ইতি সন ১২৭৩ সাল
তারিখ ২৭ বৈশাখ

নং ৭৩

৫৬৮ নং
১৮৬৬।২১ ডিসম্বর

মহামহিম শ্রীযুত কালেক্টর
সাহেব জেলা যশর

দর খাস্ত শ্রী গোপিনাথ রায়
ও শ্রী নেপাল চন্দ্র চক্র বর্ত্তি
সাকিন শ্রীরাম পূর ও শ্রীহরি-
শ্চন্দ্র বসু সাকিন দেওয়াড়া
পরগণে সৈদপুর নিবেদন এই
কিসমত্তী পরগণে সৈদ পূরের
অন্তঃপাতি মহাল ওয়াফফর।
চারি আনির মোতালক ১০৬নং
লাট মেঘনা ছয় ঘরিয়া সাকিনের
অভয়া চরণ চট্টোপাধ্যায় দি-
গের ৮১৮৷৵৩ টাকা সদর জ-
মায় পত্তণী তালুক ঐ তালুকে
র ৷৵১৩।— ঙ্কমের সরিক
ম ঐলাল চট্টোপাধ্যায় ও উদ্ধব
চন্দ্র চট্টোপাধ্যায় ও কালিপ্র-
সাদ চট্টোপাধ্যায় ও দেবিচর-
ণ চট্টোপাধ্যায়ের নিকট হইতে

আমরা সন ১২৭৩ সালের ১৫ আ-
ষাড় তারিখে ৪৬৯২৮ টাকা জমা
ধার্য্যতায় দরপত্তনি পাট্টা গ্রহণে
রাজস্য আদায় পূর্ব্বক দখিলকার
সত্ববান আছি তাহাতে ঐপত্তনি
তালুকের বর্ত্তমান সন ১২৭৩ সা-
লের নাগাএদ আশ্বিন তলবের
খাজানা পত্তনিদার গণেরা পরি-
সোদ নাকরায় মহাল অক্কর পক্ষ
হইতে সন ১৮১৯।৮ আইন মতে
তালুক মজকুরা লাটবন্দী হইলে
উক্ত পত্তনিদার মালেক গণের
মধ্যে রকম ৵৬৷৷ আনার
স্বরিক জয় দেব চট্টোপাধ্যায়
ও হরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় তা-
হাদিগের দেনা খাজানা নাদেও-
য়ায় মহাল মজকুর নিলামের

সহরতে আশিয়াছিল বাস্তবিক নিলাম হইলে আমাদিগের অধীন সত্ত নষ্ট হয় বিধায় আপন সত্ত রক্ষা জন্য এ জয়দেব চট্টোপাধ্যায় দিগের অংশ উক্ত ৮৩।= আনায় আমার দেনা মায় সুদ খরচা ১৫০৮৴ টাকা আমরা বর্ত্তমান ১২৭৩ সালের ১৪ অগ্রহায়ণ তারিখে দরখাস্তর দ্বারা আমানত করিয়া নিলামের দায় হইতে তালুক মজকুরা রক্ষ্যা করিয়াছি ধর্ম্মাবতার এ জয়দেব চট্টোপাধ্যায় দিগরের অংশ আমার দিগর দরপত্তনি দেন নাই অথচ মহাল নিলাম হইলে এজমালি মহাল আমার দরপত্তনির পাট্টা রহিত হয় এ বিধায় উক্ত ১৫০৮৴

টাকা জাহা জয়দেব চট্টোপাধ্যায় দিগর দেনা তাহা আমরা আমানত করিয়াছি এইক্ষণে ঐ জয় দেব চট্টোপাধ্যায় দিগরের অংশ রকম ৵৩৷৷= আনা দখল করিয়া উক্ত আমানত করা টাকার মায় সুদ সোদ লওয়া আবশ্যক এজন্য ১৮১৯ সালের ৮ আইনের ১৩ দফার ৫ প্রকরণ মতে দরখাস্ত করিয়া প্রার্থিত যে উক্ত জয়দেব চট্টোপাধ্যায় দিগরের অংশ রকম ৵৩৷৷= আনা হিস্যায় আমাদিগের কে রিত মত দখল দেওয়াইতে আজ্ঞা হয় নিবেদন ইতি সন ১২৭৩ সাল তারিখ — ২৩ অগ্রহায়ণ —

নং ৭৪

মহামহিম জেলাবর্দ্ধমানে-
র কালেক্টর সাহেব
বরাবরেষু

হেলা চৌকীদার
টিপ সহি

লিখিতং শ্রীহেলা চৌকীদার কস্য রসিদ পত্র মিদং কার্য্যনঞ্চাগে অরহা-বাদ পরগণার লাট গোপালপুরের পত্তানি তালুকদার শ্রীবেণীমাধব ব-ন্দোপাধ্যায় সাতুহাট চৌকী কাটওয়া ও ডিবিজান কাঁটওয়া বাদী উক্ত চৌকী ও ডিবিজানের সামিল দুষা গ্রামের মাল মোতালকের প্রজা কাঙ্গালী দাস মদক আসামীর নামে বাকি ৵ জমার নিরিখ সুরত ২২৮/৴২ টাকা দাবীতে ১০১ নং নালিস করিবায় উক্ত নম্বরের সমন লইয়া ৩১ নম্বরের জিতুখাঁ প্যাদা মোক্তে

মক্তকুরের পৌঁছিবায় আমি প্যাদা সমভিব্যাহারে থাকিয়া আসামীকে তল্লাস করায় আসামী জীবতমান থাকিয়া গ্রামে বসবাস করিয়া রূপোস হইল। একারণ ঐ আসামীর বাটীর পশ্চিম দোয়ারি সদর দরোজায় রীতিমত ১ কেতা সমন লটকাইয়া দিয়া রসিদ পত্র লিখিয়া দিলাম। ইতি সন ১২৭২ সাল তাং ১ ভাদ্র

ইসাদি

শ্রী সেখ দায়েম — উমেদ মল্লিক
সাং খাজুটি — সাং খাজুটী

নং ৭৫

মহামহিম মহকুমা কাটওয়ার

শ্রীযুক্ত ডেপুটী কালেক্টর

বরাবরেষু

দরখাস্ত শ্রীবেণী মাধব বন্দ্যোপাধ্যায় তালুকদার লাট গোপালপুর পং অরমাবাদ চৌকী কাটওয়ার সামিল মৌজে দুলাগ্রামের লাল মোতালকের প্রজা কাঙ্গালী মদকের নামে নোটীস দুই কেতা এই দরখাস্ত সহকারে হুজুরে দাখিল করিতেছি রীত্যনুযায়ী মপসল জারী করা হয় প্রার্থনা। ইতি সন ১২৭০ সাল তারিখ ২০ চৈত্র

নং ৭৩

মহামহিম জেলা পূর্ব্ব বর্দ্ধমানের

শ্রীযুক্ত কালেক্টর সাহেব

বরাবরেষু

লিখিতং শ্রীকাঙ্গালীদাস মদক কস্য মোক্তার নামা পত্র মিদং কার্য্য নঞ্চাগে সন ১৮৬৫ সালের ১০১ নম্বরের নিরিখ সুরত বাকী খাজনার মোকর্দ্দমায় আমার তরফ সওয়াল জবাব তদ্বিরাত করণ জন্য সহর বর্দ্ধমানের শ্রীযুক্ত অন্নদা প্রসাদ মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র ঘোষ ও শ্রীযুক্ত সারদা কণ্ঠ রায় কে মোক্তার সদর আমীন আদালতের উকীল শ্রীযুক্ত গোবিন্দ মোহন সরকার ও শ্রীযুক্ত নীলমাধব রায় ও শ্রীযুক্ত বংশীধর

ঘোষকে উকীল মোকরর করিলাম উকীল ও মোক্তার আমার মধ্যে যে যখন হুজুরে হাজির হইয়া আমার তরফ সওয়াল জবাব তদ্বিরাত যাহা করিবেক ও বর্ণনা পত্রাদী সহিত যাহা দাখিল করিবেক তাহা আমার মঞ্জুর এতদার্থে মোক্তার নামা পত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৭২ সাল ৯ ভাদ্র

নং ৭৭

মহামহিম জেলা বর্দ্ধমানের
শ্রীযুক্ত কালেকটর সাহেব
বরাবরেষু

লিখিতং শ্রী কাঙ্গালীদাস মদক কস্য একরার পত্র মিদং কার্য্যনঞ্চাগে ১০১ নম্বরের নিরিখের মো-

কর্দ্দমায় মহেশচন্দ্র মজুমদার ও হারু মল্লিক ইহাদিগকে সাক্ষ্য মান্য করিবাতে সাক্ষীগণের নামের সমন লইয়া ৪৩৯ নং ফকীর মল্লিক পদাতিক মপসল আসিবায় আমি পেয়াদার সমভিব্যাহারে গিয়া সাক্ষীগণের অনুসন্ধান করায় সাক্ষীগণ রূপস থাকায় নিসান দেহী করিয়া এইক্ষণে দেখাইতে পারিলামনা। এতদার্থে একরার পত্র লিখিয়া দিলাম। ইতি সন ১২৭২ সাল তাং ২৪ ভাদ্র

ইসাদী

হেলা চৌকীদার রামচরণ চৌকীদার

সাং মুলা

নং ৭৮

মহামহিম শ্রীযুত বর্দ্ধমানের
কালেক্টর সাহেব
বরাবরেষু

লিখিতং শ্রীহেনু চৌকীদার
কস্য রসিদ পত্র মিদং কার্য্যনঞ্চা-
গে চৌকী কাটওয়ার সামীল দু-
ঘা গ্রামের তালুক দার বেণীমাধব
বন্দ্যোপাধ্যায় বাটী উক্ত চৌকীর
সামীল দুঘা গ্রামের মাল মোতা-
লকে প্রজা কাঙ্গালী দাস মদক
প্রতিবাদীর নামে ২২৸৵২ টাকা
দাবিতে নিরিখ সুরতে নালীশ
করিবাতে প্রতিবাদীর মানিত
সাক্ষী মহেশচন্দ্র মজুমদার না-
মে ১০১নং ইস্তাহার লইয়া ১৪
নং চাঁদ নামক পদাতিক মপস-

ল সরে জমী পৌছিবায় আ-
মি উক্ত পদাতিকের নিকট হাজির
হইয়া প্রতিবাদীর তরফ নিশান-
দিহী মতে সাক্ষীর বাটীতে তল্লা-
স করায় সাক্ষীর সহিত সাক্ষাৎ
নাহওয়ায় সাক্ষীগণের বাটীর স-
দর দরোজায় এক কেতা নকল
ইস্তাহার রীতিমত জারী করিয়া
সকল কার দৃষ্ট স্থাণে লটকাইয়া
দিয়া রসিদ পত্র লিখিয়া দিলা-
ম। ইতি সন ১২৭২ সাল
তারিখ ৪ আষাঢ়

সাক্ষী

রামাই চৌকীদার রাধানাথ চৌকী
দার

নং ৭৯

জেলা জসোরের কালেক্টরি

বাদী — প্রতিবাদী

রাজা বরদাকান্ত রায় সাং চাঁচড়া পং এমাদপুর — হৃদয়নাথ ঘোষ সাং কড়িয়াখালী পং সৈদপুর

মোং ৪০২।৵৯ টাকা

ইষ্টেসন মনিরামপুরের মোতালক ২৫০ নং তৌজীর মহল পং সৈদপুর আমার জমীদারী তদন্তর্গত তরফ শ্যামকুড়ের মৌজে রতন দিয়ার মধ্যে সরহদ্দ পরগণার ও পার্শবর্ত্তি তত্তল্য জমীর নিরিখের কম নিরিখে প্রতিবাদীর দখল করিতে বক্স মহম্মদ কোড়াবরদার ও গোলাম হোসেন সেখের নামে কমী বেশী সুরতে ১৪০ দ৭

টাকার যে জমা লেখা যাইত মহল
মজকুর জরিপে ঐ রতন দিয়া ও
আমীনপুর ও বিরসিংহপুর গ্রামে
হর কছম ২৬৪৮৹ বিঘা জমী প্রতি-
বাদীর দখলে আস্কারা হওয়ায়
সরহদ্ পরগণা ও পার্শ্ববর্ত্তি তত্তুল্য
জমীর কম নিরিখে স্বল্প জমায়
অধিক জমী ভোগ করায় সরহদ্
পরগণা ও পার্শ্ববর্ত্তি নিরিখ সু-
রতে উক্ত ২৬৪৮৹ বিঘা জমীর কা-
ত ৫১৬।৪ টাকা সাব্যস্তে সন ১২
৭২ সাল হইতে ঐ জমা সুরতে খাজ-
না পাওয়ার কারণ সন ১৮৫৯ সালের
১০ আইনের ১৩ ধারার মর্ম্মানুসারে
গত ১২৭১ সালের চৈত্র মাসে অত্র
কালেক্টরীর যোগে প্রতিবাদীর না-
মে নোটিস জারী করিয়াছি। ঐই-

ক্ষণে ঐ জমা সুরতে খাজনা পাওয়ার অধিকার থাকায় সন ১২৭২ সালের ইস্তক সুরু নাগাইদ আখেরী সালিয়ানা তলবে ওয়াসীল বাদে আসল খাজনা ৩৭৫।১৭ টাকা ও সুদ ২৬দ৯২ টাকা মোট ৪০২।৵৯ টাকা আমার পাওনা তাহা পাইবার বাবত বাকীর হিসাব সম্বলিত জমীর বন্দ ওয়ারা চিঠা ও নোটিসের যে অত্র নালিস। উক্ত নোটিস ৫ নং মোকদ্দমায় জারীতে আছে। তলব দিয়া বিচার আজ্ঞা হয়। ইতি সন ১২৭৩ সাল তারিখ ২৯ জ্যৈষ্ঠ

নং ৮০

মহামহিম শ্রীযুক্ত ডেপুটী
কালেক্‌টার মোং কসবা
বরাবরেষু

দরখাস্ত শ্রী খোরসেদ চৌধুরী
মোং কসবা আমার নিবেদন ৩৫৭১নং
কিং গাল্টী পরগণে মহম্মদ সাহী
তালুক হয় তাল্লে ছা বিবি এ তালু-
কে বিবি মজকুরা জীবতমান দ-
খলীকার থাকিয়া আন্দাজ ২৩
বৎসর মৃত হওয়াতে ও উত্তরাধি-
কারী নাথাকায় লাওয়া অর্থাৎ
সরকার বাহাদুরের প্রাপ্য হওয়া
বিবেচনায় অত্র কালেক্টরীর না-
জীর মহাশয়ের নিকট প্রকাশ ক-
রায় নাজীর মহাশয় গত ৮ জুন
তারিখে রিপোর্টের দ্বারা শ্রীযুক্ত

কালেক্টর সাহেব বাহাদুরের
হুজুরে জানাইলে সাহেব বাহাদুর
বিশেষ তদন্ত জন্য মোং ঝিনাইদহে
য় পাঠাইলে তথাকার নাজীর যে
তদন্তীয় রিপোর্ট দিয়াছেন, তাহা
কোন মতে চূড়ান্ত ও বিশ্বাসযোগ্য
হইতে পারেনা। কেননা তিনি প্র-
ধান সদর আমীনের বিচারিত ফয়-
সালার খোকস নকলের বিষয় উ-
ল্লেখ করেণ, তাহা কোনমতে
গ্রাহ্য যোগ্য নহে। যদি যথার্থ ফ-
য় সালা হইত তবে ঐ ফয়সালার
সহি মোহরের নকল দর্শান উচি-
ত ছিল। ও মপসল দখলীকার
থাকিত ও হুজুরে নাম পত্তন
অবশ্য করিত। অতএব প্রার্থিত
তদারকি রিপোর্টে লিখিত ওয়ারেস

কলু টোলা নিবাসী আগর মহম্মদ হোসেন সেরাজিকে অথবা তাহার মোক্তার মহম্মদ বাহের কাজি ও গোমস্তা বাসু বিশ্বাসকে হুজুরে তলব দিয়া তাহাদের নিকট হইতে ও আমার নিকট হইতে প্রমাণাদি গ্রহণে বিচার করিতে আজ্ঞা হয়।

নং ৮০।

মহামহিম শ্রীযুক্ত কালেক্টর সাহেব জেলা যশোর বরাবরেষু—

দরখাস্ত শ্রী সরস্বতী দাসী সাং মুড়লী পরগণে এমাদপুর নিবেদন এই নিজ মালিকের গণী বৰ্ম্মণীর মৃত্যু হওয়ায় তাহার স্থাবর অস্থাবর সম্পত্তি কি প্রকার বি-

আছে, তাহা তদন্ত জন্য হুজু-
রে নাজীরের প্রতি আদেশ হওয়ায়
নাজির মহাশয় যে তদারকের রি-
পোর্ট করিয়াছেন তৎপ্রতি আ-
পত্ত্য নিচের দফায় লিখিয়া বি
চার প্রার্থিত। ইতি

১। উক্ত মৃত ব্যক্তির সম্পত্তি
মধ্যে যাহা আমাকে উইল করিয়া
দিয়াছেন, ঐ উইলের প্রতি সন্দেহ
থাকার বিষয় স্বীয় রিপোর্টে যে লিপি
করিয়াছেন, তাহা অন্যায় ও মপঃস-
লের অবস্থার ও স্বীয় কৃত জবানবন্দী
র বিপরিত কারণ উক্ত মৃত ব্যক্তি যে
আমার নামে যে সকল বস্তু উইল ক-
রিয়াছে, তাহা মপঃসল তত্র ২ সক-
ল সাক্ষির দ্বারা প্রমাণ হইয়াছে এ-
বং, উক্ত উইল প্রোবেট জন্য

শ্রীযুক্ত জজ সাহেবের হুজুরে দর-
খাস্ত করা হইয়াছে তাহাতে নাজী-
র মহাশয় এক ব্যক্তির মৃত্যু আ-
মার আমলাগণের বাসায় হওয়া-
য় যে সন্দেহ বিবেচনা করিয়াছে-
ন, তাহা অন্যায় কারণ এবাটী
আমার মাতুল ৺ গোপাল সিংহের
দত্তা অন্দর বাটীও তাহা এ রাণীর
বাটীর সংলগ্ন। তাহাতে ঐ স্থানে মৃ-
ত্যু হওয়ায় কোন সন্দেহ জন্মিতে
পারেনা। একারণ প্রার্থিত যে উ-
পরোক্ত বিষয় শ্রবণে নাজীর মহাশ-
য়ের আনুমানিক রিপোর্টের প্রতি
বিহিত আজ্ঞা প্রকাশ করেণ। ইতি
সন ১২৭৩ তারিখ ২৩ পৌষ

নং ৮২

মহিমার্ণবেষু

নাবালগ শ্রীযুত কুমার প্রমথনাথ রায় বাহাদুরের সেবিত শ্রীশ্রীকৃষ্ণ চন্দ্র বিগ্রহ ঠাকুরের দেবত্র মহালের নগর কান্দা গ্রামের ৬।৴৮ টাকার এক জমা এসলাম সিকদারের নামে ও দ্বিতীয় মাল মোতালকের এক জমা ঐ শীকদারের নামে ১৬।৵৫ টাকার জমা সেরেস্তার কাগজে লেখা যাইত। তাহাতে নাবালকের অধিকার বুড়হত গ্রামের প্রজা মৌলবী নুরউদ্দীন মাল মোতালকের জমা ১৬।৵৫ টাকার ইজারাদার সাহেবের পাওনা বাকী খাজনার জন্য নিলামে সন ১২৭০ সালে লড়াইলা মহকুমার খরিদ করিয়া ঐ উপলক্ষে

দেবত্র মহালের ৬।৵৮ টাকার জ-
মা মোতালকের পুষ্করিণী ও বাগাত
ও জমী আদি সাল মোতালকের
ঐ ১৬।৵৫ টাকা জমার সামীলে দ-
খল করিত। তাহার খাজানা কোন
প্রকারে পাওয়া যাইতনা। এসলাম
সীকদার ফৌত হওয়ায় অধীন ঐ
গ্রামের প্রজা কোদরুত উল্লা ও কে-
রাজদী ও কট্টী নন্দী সরদার [illegible]
প্রজাগণের দ্বারা ঐ জমী জমা
[illegible] করিয়া সাবেক জমা ৬।৵৮
টাকার [illegible]লে ১১।৹ টাকা জমায় ঐ
কোদরুত উল্লা দিগর কে ঐ পুষ্করিণী
দিগর বিলী করায় ঐ আখেজে মৌ-
লবী [illegible] ঐ পুষ্করিণী আপন খ-
রীদা জমার [illegible] উল্লেখে ঐ
পুষ্করিণী গজকুরের মৎস্য তহরু-

পাত্তে ৩০০ টাকার দাবীতে প্রজাকে
জের বার করিবার নিমিত্ত ইসমল
কজ কোর্টে নালীস করিয়া একত-
রফা ডিক্রী সিদ্ধ করিয়াছে। অত-
এব প্রজার দ্বারা এ হুকম রদ জন্য
ছানী করা আবশ্যক নতুবা প্রজা ম-
জকুর মৌলবীর ফেরেপে জের
বার হইয়া জমা ছাড়িয়া দিলে
ও অন্য কেহ জমা নালইলে না-
বালগের দেবত্র মহালের জমা পূ
র্ব্ব মত মহলম ক্ষতি হইবেক,
এমতে প্রার্থনা যে উপোরোক্ত বি-
বরণ প্রণিধান করিয়া যথা বিহীত
আদেশ প্রদানের আজ্ঞা হইলে
তদনুরূপ অধীন করিবেক। ইহা
নিবেদন করিলাম। ইতি সন
১২৭২। তারিখ ৮ ফাল্গুণ—

হুকুম হইল

যে সরবরাহকার, প্রজা যদি সাহার্য্য চাহে, তবে করিতে পারে। এমত দৃষ্ট রাখিতে হইবেক, যে এ মোকদ্দমায় নাবালগের সরকার হইতে কিছু খরচা না পায়। ইতি ১৮৩৩।

——০০——

নং ৮৩

১১ নং মোকদ্দমা

সন ১৮৬৩।

মহামহিম জেলাবর্দ্ধমানের
শ্রীযুত প্রধান সদর আমিন
বর. বরেষু

মান্য বরেষু

১৮৬৩ সালের ১১ নং পাপরের মোকদ্দমার মা[illegible] দিগম্বরি দাসি বাদা[illegible] [illegible] প্রভৃতি বাদীনি [illegible] বাদীনি [illegible] প্রমাণ করণার্থে নিচের লিখিত সাক্ষি গণকে হাজির করিয়াছে তাহা দিগকে এই রিপোর্ট যোগে হুজুরে হাজির করিতেছি ইতি সন ১৮৬৩। ২ জুলাই

তপসীল হাজীরা সাক্ষী

তরফ বাদী

গোপীনাথ দাস ১

বিনদ বেহারী বাগদী ১

২

মং দুই জনা মাত্র

বৈঠক শ্রীযুক্ত জেমছ্ রেলি সাহেব প্রধান সদর আমিন জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমান সন ১৮৬৩। ২ জুলাই

হুকুম হইল

যে সাক্ষী গণের জোবানবন্দী লওয়া জায় ইতি

না তাহাদের পরিবারের কোন বয়প্রাপ্ত পুরুষের সাক্ষাৎ পাওয়া গেল সুতরাং প্যাদাগ্রামের প্রকাশ্য স্থলে ইস্তাহার লটকাইয়া দিলাম ইতি সন ১২৭৩।২৭ আশ্বীন

ইসাদী

হারাধন বাগদী মাজী

শ্যাম বাগদী মাজী

সাং শ্যাম সুন্দর পুর

নং ৮৫

৩১ আগষ্ট

দাখিল হয় ইতি

১ নং মোকদ্দমে

সন ১৮৬৩।

মহা মহিম জেলা পূর্ব্বাংশ
বর্দ্ধমানের শ্রীযুত প্রধান
সদর আমিন বরাবরেষু

লিখিতং শ্রীগীরিশ্চন্দ্র সরকার
কস্য ওকালত নামা পত্র মিদং
কার্য্যঞ্চাগে দিগম্বরি দাসী বাদীনি
আমি প্রভৃতির বিরুদ্ধে হজুর
আদালতে নালিষ করায় আমার
পক্ষে বাবু রাখাল দাস সরকার
মুনসী জোহাদ রহিম বাবু পরাণ
চন্দ্র নন্দী বাবু রামধন মুখুজ্যে
ও ব্রজনাথ চৌধুরি কে আপন
পক্ষে মোকদ্দমায় বর্ণনা ও জবাব
দিবার নিমিত্তে উকীল বাহাল ক-
রিয়া একরার করিতেছি যে উ-
ক্ত উকীল গণ আমার পক্ষে

যে কোন এজাহার করিবেক ও
যে কোন কাগজ আপন২ দ-
স্ত খতে আমার নামে দাখিল
করিবেক ও যে কোন দস্তাবেজ
ও কাগজ আদালত হইতে ফে
রত লইবেক তাহা আমার স্বীয়
হস্তেরন্যায় বিবেচনা করা হ
হইবেক এতদার্থে আমি এই
উকালত নামা লিখিয়া দিলা
ম ইতি সন ১৮৬৬ । ১৮
জুন

ইসাদী
শ্রীখুদিরাম সরকার
সাং. জোড় কোনা

নং ৮৩

১১নং মোক্রনেস

সন ১৮৩৩।

জেলা বর্দ্ধমানের শ্রীযুত
প্রধান সদর আমিন সাহেব
বরাবরেষু

মহিমাবরু

১৮৩৩ সালের ১১নং পাপরের
মোকদ্দমা যাহাতে দিগম্বরি দাসী
দরখাস্ত কারিণী ও মঙ্গলা দাসী
প্রতিপক্ষ আছে সেই মোকদ্দমায়
প্রতিপক্ষের মোক্তার হরিশ্চন্দ্র
রায়কে প্রতি পক্ষের পক্ষে নিম্নে-
র লিখিত সাক্ষীগণকে বিনা
সমনে হাজির করিয়াছে আমি
এই রিপোর্টের দ্বারা তাহা দি-
গকে উপস্থিত করিতেছি ধর্ম্মা-

কত্তার মালিক সন ১৮৬৬ । ৩

আগষ্ট

তপশীল হাজীরা সাক্ষী

তরফ দ্বিতীয়

জীতু মণ্ডল ——— ১

জাদু সর্দ্দার ——— ১

বিরু পাল ——— ১

রাম নাপীত ——— ১

———
৪

মং চারি জনা মাত্র

বৈঠক শ্রীযুত জেমছ রেলি সাহেব প্রধাণ সদর আমিন জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমান সন ১৮৬৬ । ৩ আগষ্ট

হুকুম হইল যে

সাক্ষীগণের জবানবন্দী লওয়াজায় ।

নং ৮৭

দামেন

৩০।৬।৩৬।

১১ন মোফ নেস

সন ১৮-৩৬।

শ্রীমত্যা দিগম্বরি দাসী ×
সাং তোড় কোনা

মহামহিম জেলাপূর্ব্বাংশ
বর্দ্ধমানের শ্রীযুত প্রধান
সদরআমিন
বরাবরেষু

লিখিতং শ্রীমত্যা দিগম্বরি
দাসী সাং তোড় কোনা কস্য
৵ কালত নামা পত্র মিদং কার্য্য
ঞ্চাগে আমার স্বামীর অংশ
পাইবার নিমিত্তে মোকদ্দমা
রুজু করণার্থে বন মালি মুখু-
জ্যে ও মুনশী লোৎফর রহমান-

কে উকীল নিযুক্ত করিয়া একরার ক-
রিতেছি যে উক্ত উকীলগণ আমা-
র পক্ষে যে কোন এজহার করিবেক
ও যে কোন কাগজ আপন ২ দস্ত খ-
তে আমার নামে দাখিল করিবেক
ও যে কোন দাস্তাবেজ ও কাগজ
আদালত হইতে ফেরত লইবেক
তাহা আমার স্বীয় কৃতের ন্যায় বিবে-
চনা করা হইবেক এতদার্থে আমি
এই উকালত নামা লিখিয়া দিলা-
ম ইতি সন ১৮৬৬।৩০ জুন

ইসাদী

শ্রীমহেষ বেহারা ×

শ্রীকার্ত্তিক বৈরাগ্য ×

মোং বর্দ্ধমান

নং ৮৮

মহামহিম জেলা পূর্ব্বাংশ
বর্দ্ধমানের প্রধাণ সদর
আমীন বরাবরেষু

লিখিতং শ্রীপ্রতাপ চৌকীদার
ইহার দ্বারা একরার করিতেছি যে
পাপরের মোকদ্দমায় যাহাতে
কাইতি চৌকির সামীল তোড়কো-
না নিবাসী দিগম্বরি দাসী দরখাস্ত
কারিণী ঐ সাকীনের মঙ্গলা দাসী
ও গিরিশ্চন্দ্র সরকার প্রতিবাদী
আছে ৩১নং মাতাদীন প্যাদা ৩
কেত্তা সমন লইয়া আমাদের গ্রা-
মে আইসে আমি প্যাদার হামরাহ
গীয়াছিলাম বিপক্ষের ও তাহাদ্দের
কারপরদাজ ও তাহাদ্দের সহিত

একবাসী বয়ঃপ্রাপ্ত পুরুষ পরিবারের তল্লাস করায় কাহার সাক্ষাত পাওয়া গেলনা অতএব প্যাদা বিপক্ষ গণের সদর দরজায় নকল সমন লটকাইয়া দিয়াছে ইতি সন ১২৭৩। ২৭ আষাঢ়

নং ৮৯

১১নং মোফস্বলেস

সন ১৮৬৬।

জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের শ্রীযুত প্রধান সদর আমীন আদালত

চৌকী কাইতির সামীল তোড় কোনা সাং নিবাসী দিগম্বরি দাসী দরখাস্ত কারিণী বিপক্ষ মঙ্গলা দাসী ও গিরিশচন্দ্র সরকার সাং তোড়কোনা চৌকী কাইতি

দাবি ১১১৫ ~

বনাম মঙ্গলা দাসী গীরিশ্চন্দ্র সরকা
র সাং তোড় কোনা চৌকী কাইতি
যে হেতুক নিবেদিকা উক্ত দা-
বি পাইবার নিমিত্তে তোমাদ্দের না-
মে এই মোকদ্দমা উপস্থিত করিয়াছে
আর সুনানির দীন আগত সন ১৮
৬৬। ১৭ জুলাই মোং সন ১২৭৩।
২ শ্রাবণ মঙ্গলবার তারিখে ধার্য্য
আছে অতএব এই সমন তোমার
হাওয়ালা করিয়া আদেষ করা জায়
যে তুমি উক্ত ধার্য্য দিবসে অত্রাদা-
লত্তে হাজীর হইয়া আপন মো-
কদ্দমার তদ্বির করিবে নচেৎ নি-
দ্ধারিত নিয়ম গত্তে মাফীক আই-
ন আমলে আসিবেক ইতি সন ১৮
৬৬। ৩ জুলাই

নং ৯০

প্রবল প্রতাপেষু

হুকুম নামা বাহক প্যাদার জবানি প্রকাশ পাইতেছে যে সে মপঃসলে যাইয়া প্রতিপক্ষের তাহাদের মোক্তারের কারপরদাজের ১এক্কান্ন বর্ত্তি সাবালগ পুরুষ পরিবারের অনুসন্ধান করিয়াছিল কিন্তু কাহার দেখা নাপাইয়া সমনের নকল প্রত্যেক প্রতি পক্ষের সদর দরজায় লটকাইয়া দিয়া ঐ রূপ জারির একরার চৌকীদারের নিকট হইতে লইয়া আসিয়াছে ইতি সন ১৮৩৬। ১২ জুলাই

নং ৭১

১১নং মোফস্বেল

সন ১৮৩৬।

সরাফাত পানা শ্রীমুনসী

কোদরতুল্লা নাজীর আদাল-

তে দেওয়ানি জেলা পূর্ব্বাংশ

বর্দ্ধমান বাকীয় ৺ বাসন্দা

দিগম্বরী দাসী নিবেদিকা

মঙ্গলা দাসী দিগর দ্বিতীয় পক্ষ

যে হেতুক অত্রমোকদ্দমা

সন ১৮৩৬।১৭ জুলাই চুড়ান্ত

বিচারের দীন অবধারিত হইয়াছে

অতএব দ্বিতীয় পক্ষর নামিও

আসল ও নকল সমন ৩ কেতা

তোমার হাওয়ালা করিয়া লেখা-

জায় যে তুমি উক্ত সমন রিতমত

দ্বিতীয় পক্ষর উপর জারি করি-

য়া তাহার কৈফিয়ত হুজুরে দাখিল করহ ইহাতে তাকীদ জানিবা ইতি সন ১৮৬৩।৩ জুলাই

নং ৯২

দাখিল ১৮ জুলাই

১১ নং মোফস্বেল

সন ১৮৬৬।

মহা মহিম জেলা পূর্ব্বাংশ
বর্দ্ধমানের শ্রীযুত প্রধান
সদর আমীন বরাবরেষু

লিখিতং শ্রীমঙ্গলা দাস্যা: কস্য ওকালত্ত নামা পত্র মিদং কার্য্যনঞ্চাগে দিগম্বরি দাসী বাদীনি আমি প্রভৃতির বিরুদ্ধে হুজুর আদালত্তে নালিস করায় আমার পক্ষে বাবু রাখাল দাস স-

রকার মুনসী জেহাদ রহিম বাবু পরাণ চন্দ্র নন্দী বাবু রাম ধন মুখুজ্যা ও ব্রজনাথ চৌধুরী আপন পক্ষে বর্ণনা ও জবাব দীবার নিমিত্তে উকীল বাহাল করিয়া একরার করিতেছি যে উক্ত উকীল গণ আমার পক্ষে যে কোন এজাহার করিবেক ও যে কোন কাগজ আপন২ দস্তখতে আমার নামে দাখিল করিবেক ও যে কোন দস্তাবেজ ও কাগজ আদালত হইতে ফেরত লইবেন তাহা আমার স্বীয় কৃতেরন্যায় বিবেচনা করাজাইবেক এতদার্থে আমি এই উকালতনামা লিখিয়া দিলাম ইতি সন১৮৬৩।১৮ জুলাই

ইসাদী

শ্রীখুদিরাম সরকার সাং তোড় কোনা

নং ৯৩

প্রবল প্রতাপেষু

১৮৬৬ সালের ৭২ নং মোকদ্দমার শুনানীর দিন অবধারিত থাকায় বদীর কারপরদাজ হাবুদে বাদীর পক্ষের নিম্ন লিখিত সাক্ষীগণকে হাজির করিয়াছে এবং আমি তাহাদিগকে অত্র রিপোর্ট সহিত হুজুরের সম্মুখে হাজির করিতেছি ইতি ১৮৬৬।২৪ সেপ্তম্বর

সাক্ষীগণের নাম — নাজির

মধুসূদন কর

অধর নন্দী

মধুসূদন কুণ্ডু

ভাগবত দে

রামতারক সেন

বেনীমাধব মল্লিক

নং ৯৪

প্রবল প্রতাপেষু

নিবেদন এই যে ৭২ নং দেওয়ানি মোকর্দ্দমায় প্রতিবাদী মঙ্গলাদাসীর মানিত ইস্তাহার জারির প্রমাণের নিচের লিখিত সাক্ষীগণকে প্রতিবাদীনির তরফ মোক্তার হরিশচন্দ্র সরকার হাজির আনায় সাক্ষীগণ হজুরে হাজির আশীয়া আপনং সাক্ষ্য আদায় কারণ হজুরে হাজীর আছে অতএব নিম্নের লিখিত সাক্ষীগণকে অত্র কৈফিয়তের দ্বারা হজুরে হাজির করিতেছি শ্রীযুত মালিক নিবেদন ইতি ১৮৬৩।—

৮— সেতম্বর

তপশীল সাক্ষী

শ্রীরামধন কর্ম্মকার ১ শ্রীহারাধন মণ্ডল ১

নং ৯৫

৭২নং দেওয়ানি

১৮৬৩।

রোবকারি আদালতে দেওয়ানি

জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমান

বৈঠক শ্রীযুত বাবু গোপীনাথবসু

প্রধান সদরামিন রায় বাহাদুর

সন ১৮৬৩।৩ জানওয়ারি

দিগম্বরী দাসী — মঙ্গলা দাসী

বাদী — প্রতিবাদী

অদ্য এই মোকর্দ্দমা উভয় পক্ষের উকিল গণের সাক্ষাৎ দরপেষ হইল যে হেতুক এই মোকর্দ্দমা চুড়ান্ত বিচার জন্য এক দীন ধার্য্য করা আবশ্যক এমতে

হুকুম হইল

যে এই মোকর্দ্দমার চুড়ান্ত বিচার

জন্য আগত ২৩ জানওয়ারি দীন ধার্য্য করা জায় এবং উভয় পক্ষের উকীল গণ আপন২ মক্কেলের পক্ষে প্রমাণাদী সমেৎ প্রস্তুত থাকেন ইতি

নং ৯৩.

১৮৬৩ সালের ৭২নং মোকর্দ্দমায় বাদীনি দিগম্বরি দাসীর দর খাস্ত

নিবেদন এইযে আমি অত্র সহ গ্রন্থীত দলিল গুলি দাখিল করিতেছি। মিনতি এইযে দলিলগুলি মিছিল সামিল হয় এবং এই মোকর্দ্দমা ঐ দলিলে দৃষ্টে বিচার হয় নিবেদন ইতি

শ্রীমতি দিগম্বরীদাসী সাং তোড়কোনা

নং ৯৭

রোবকারি আদালতে দেওয়ানি
জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমান বৈঠক
শ্রীযুত জেমছ বেলি সাহেব
প্রধান সদরামিন সন ১৮৩৩ সাল
তারিখ ৩১ আগষ্ট

দিগম্বরিদাসী বাদীনি
মঙ্গলাদাসীদীঃ প্রতিবাদীগণ

অদ্য এই মোকর্দ্দমা উভয় পক্ষ্যের উকীল গণের সমক্ষ্যায় উপস্থিত হইয়া প্রকাশ হইল যে মঙ্গলাদাসী দীগর প্রতি বাদীগণ আপনাদের তরফের বর্ণনা পত্র দাখিল করিয়াছে এমতে ইশু ধার্য্য করা আবশ্যক হইয়া নিম্নের লিখিত ইশু ধার্য্য হইল। ১ ইশু নালিশী সম্পত্তী সকল বাদীনির স্বামীর তেজর্য্য ছিল

কি না এবং বাদী নি তাহা পাইবার অধীকারি কিনা ইতি

২। প্রতিবাদীগণ বাদীনিবেবাস্ত-বিক বেদখল করিয়াছে কিনাইতি

যে হেতু উক্ত ইশু সকলের প্রমাণ উভয় পক্ষের স্থাণে লওয়া আবশ্যক এমতে

হুকুম হইল

যে উভয় পক্ষের উকীল এক সপ্তাহ মধ্যে উক্ত ইশু সকলের বিশয়ের প্রমাণ দেয় আর এই মোকর্দ্দমা আগত ২৪ সেতম্বর বিচার জন্য পেষ হয় ইতি

নং ৯৮

শ্রীযুক্ত ধর্ম্মাবতারপ্রবলপ্রতাপের
নিবেদন

কলিঙ্গা ষ্টেসনের অন্তর্গত
মলুয়াগ্রামের একার মোল্লা সদাই
পরাণ মণ্ডল জমীর আলিগাজী
প্রজাগণ অদ্য দিবা ১১ ঘন্টার
সময় অতিসয় কাতরাবস্থায় অ-
ধীণের নিকট উক্ত ষ্টেসনে উ-
পস্থিত হইয়া উহারাএবংগ্রাম
মজকুরার ও পার্শ্ববর্ত্তীগ্রামের
প্রায় ৬০।৭০ ঘর প্রজা স্বপরিবারে
স্ব২ ঘরে ধান্য নাথাকা প্রযুক্ত ২।৩
দিবস হইতে উপবাসী আছে।
ইমসন তাদৃশ বৃষ্টি না হওয়ায়
ধান্যাদি ফসল উত্তমরূপে না-
জন্মার কারণে মহাজন লোক উ

হাদিগকে ধান্যাদি কর্জ্জ না দেওয়ায়
ও আহারাভাবে উহারা সপরিবা-
রে প্রাণে নষ্ট হওয়ার সম্ভব প্র-
কাশ করিলেক। ধর্ম্মাবতার ইম-
সন তাদৃশ ধান্যাদি ফসল না
জন্মিবায় অনেক স্থানে ঐরূপ
ঘটনা সংঘটন হওয়া শ্রুত
হওয়া যাইতেছে, মহাজন
লোক যাহারা চাসী প্রজা প্রভৃতি
কে ধান্যাদি কর্জ্জ দিয়া থাকে,
তাহারাও ফসল অজন্মা হও-
য়াতে তাহা কর্জ্জ দেওনে প-
রাঙ্মুখ হইয়াছে, এ অবস্থায়
ইহার কোন সদুপায় না হইলে ভ
বিষ্যতে আহারাভাবে প্রাণের
হানি ও চুরি আদি বেশী হওনের
সম্ভব বিধায় হুজোরাগ্রে নিবেদিলাম

হুজুর মালিক নিবেদন ইতি সন ১৮
৬৫ সাল ২৫ আক্‌টবর

আজ্ঞাধীন
শ্রীপ্রসন্নকুমার ঘোষ
ইনিস্পেক্‌টর
ডিঃ বসীর হাট

নং ৯৯

৭৫।১৯ নং
৭২ নং দেওয়ানি
সন ১৮৬৬।

জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের
প্রধান সদরামিনী আদালতের
নাজির প্রতি আগে

দিগম্বরি দাসী মঙ্গলাদাসী দিগর
বাদীনি প্রতিবাদী

যে হেতুক উক্ত মোকদ্দমার সাক্ষী

গণ সমন জারি হওয়া সত্ত্বেও হাজির হয়নাই ও এ মোকদ্দমার শুনানির দীন আগামি ২৩ নবম্বর তারিখে ধার্য্য হইয়াছে অতএব নিচের লিখিত সাক্ষী গণের নামিয় ৬ কেতা ইস্তাহার তোমার হাওলা করিয়া তোমাকে লেখা জায় যে ঐ পরওনা সাক্ষীগণের উপর জারি করিয়া আপন রিটারণ দাখিল করিবে ইতি সন ১৮৬৩।২৪ সেতম্বর—

তপসীল গর হাজীর সাক্ষী—

তরফ প্রতিবাদী—

রামধন চট্টোপাধ্যায় সাং তোড়কোনা

জীবণ চট্টোপাধ্যায় সাং চৌকী ঐ

হরিশ্চন্দ্র মখোপাধ্যায়— ঐ

ঈশান চন্দ্র ভট্টাচার্য— ঐ

অম্বিকাচরণ ঘোষাল — ঐ
নিতাই চরণ সরকার — ঐ

নং ১০০

ধর্ম্মাবতারেষু

নিবেদন এই ইস্তাহার বাহক প্যাদার বাচনিক এজাহারে প্রকাশ যে সে মপস্বলে গীয়া সেওয়ায় ঈশ্বর চন্দ্র মুখোপাধ্যায় যে ব্যক্তি মরিয়াছে ও দিননাথ দত্ত বেনামে সঙ্কর পুর গ্রামে লোক নাই তৎসেওয়ায় বাকীগণের সদর দরজায় ঐ ইস্তাহার লটকাইয়া দিয়া আশীয়াছে ও প্যাদা মজকুর ঐ হুকুম নামা রীতমত জারী হওয়ার বিসয়ে গ্রাম্য চৌকীদারের রসীদ আনিয়াছে ঐ রসীদ ও জারী নাহওয়া ইস্তা-

হার এই রিপোর্টের দ্বারা হজুরের হুকুম কারণ দর পেশ করিতেছি ইতি সন ১৮৬৬।২৩ নবম্বর

বৈঠক শ্রীযুত জেমস্ বেলি সাহেব প্রধান সদর আমিন জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমান সন ১৮৬৬।২৩ নবম্বর

হুকুম হইল

যে উচিত হুকুম প্রদান কারণ শ্রীল শ্রীযুত এডিসনল প্রধান সদর আমিনের সমিপে পাঠান জায় ইতি —

সমাপ্ত।